


# পরিবর্তন

আশিস রাইচুর

**শুধুমাত্র বিনামূল্যে বিতরণের জন্য**

অল পিপালস্ চার্চ অ্যান্ড ওয়ার্ল্ড আউটরিচ, বেঙ্গালুরু, ভারতবর্ষ দ্বারা মুদ্রিত ও বণ্টিত।
বর্তমান সংস্করণ: 2023

**যোগাযোগ করার জন্য ঠিকানা**

All Peoples Church & World Outreach,
# 319, 2nd Floor, 7th Main, HRBR Layout,
2nd Block, Kalyan Nagar, Bangalore 560 043
Karnataka, INDIA

ফোন নম্বর: +91-80-25452617
ই-মেইল: **bookrequest@apcwo.org**
ওয়েবসাইট: **apcwo.org**

অন্যথায় নির্দেশিত না হলে, সমস্ত শাস্ত্রের উদ্ধৃতি বাংলা পুরাতন সংস্করণ, (BSI) বাইবেল থেকে নেওয়া হয়েছে। বাইবেল সোসাইটি অফ ইন্ডিয়া দ্বারা কপিরাইট © 2016। অনুমতি দ্বারা ব্যবহৃত। সমস্ত অধিকার সংরক্ষিত।

**অর্থনৈতিক অংশীদারিত্ব**

অল পিপলস চার্চের সদস্য, অংশীদার এবং বন্ধুদের আর্থিক সহায়তার মাধ্যমে এই প্রকাশনার বিনামূল্যে বিতরণ সম্ভব হয়েছে। আপনি যদি এই বিনামূল্যের প্রকাশনার মাধ্যমে সমৃদ্ধ হয়ে থাকেন, তাহলে আমরা আপনাকে অল পিপলস চার্চ থেকে বিনামূল্যে প্রকাশনা মুদ্রণ এবং বিতরণে সহায়তা করার জন্য আর্থিকভাবে অবদান রাখার জন্য আমন্ত্রণ জানাচ্ছি। আপনি যদি জানতে চান যে কীভাবে আপনি এই অবদান করতে পারেন, তাহলে অনুগ্রহ করে **apcwo.org/give** ওয়েবসাইটে যান অথবা এই পুস্তকের পিছনে "অল পিপলস চার্চ-এর সাথে অংশীদারিত্ব করুন" পৃষ্ঠাটি দেখুন। ধন্যবাদ!

**বিনামূল্যের সম্পদ এবং সম্পর্কিত ওয়েবসাইটগুলি**

**প্রচার:** apcwo.org/sermons | **পুস্তক:** apcwo.org/books | **চার্চ অ্যাপ:** apcwo.org/app
**বাইবেল কলেজ:** apcbiblecollege.org | **ই-লার্নিং:** apcbiblecollege.org/elearn
**পরামর্শ দান:** chrysalislife.org | **সঙ্গীত:** apcmusic.org
**পরিচর্যাকারীদের সহভাগীতা:** pamfi.org | **APC ওয়ার্ল্ড মিশনস্:** apcworldmissions.org

(Bengali - Change)

# পরিবর্তন

# সূচীপত্র


1. পরিবর্তন—একটি প্রয়োজনীয় প্রক্রিয়া 1
2. আমাদের উদ্দেশ্য ও আকাঙ্খায় পরিবর্তন 4
3. আমাদের চিন্তাভাবনা, মনোভাব, কথাবার্তা ও আচরণে পরিবর্তন 6
4. অপ্রত্যাশিত পরিবর্তনের জন্য নিজেকে উন্মুক্ত রাখুন 8
5. পরিবর্তন—অগ্রসর হওয়ার জন্য ও বৃদ্ধি পাওয়ার জন্য প্রয়োজন 11
6. পরিবর্তনের আত্মা 12

# 1
# পরিবর্তন—একটি প্রয়োজনীয় প্রক্রিয়া

পরিবর্তন! আমাদের চারিপাশে বিষয়বস্তু অনবরত পরিবর্তিত হয়ে চলেছে। আমরা সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক, এবং আরও অনেক পরিবর্তন এই পৃথিবীতে লক্ষ্য করে থাকি। বিষয় ও বস্তু সর্বদা একই ধরণের থাকে না। "বর্তমানে পৃথিবীতে শুধুমাত্র একটা অবিচল বিষয় আছে, এবং সেটা হল পরিবর্তন!" কথাটি অত্যন্ত প্রচলিত। "পরিবর্তন" শব্দটি কোনো ঘটনা অথবা প্রক্রিয়াকে বোঝায় যা বিষয়বস্তুকে বর্তমানের আকারের তুলনায় এক ভিন্ন আকার দিয়ে থাকে।

খ্রীষ্ট বিশ্বাসীদের জন্যও পরিবর্তন অত্যন্ত গুরুত্বপূর্ণ! আমাদের খ্রীষ্টিয় জীবন শুরু হয় অনুতাপ, অর্থাৎ মন ফেরানোর পদক্ষেপ দিয়ে, যেটা মূলতঃ পাপ ও শয়তান থেকে জীবন্ত ঈশ্বরের দিকে, আমাদের হৃদয় ও মনের একটি পরিবর্তন। সেই মুহূর্তে, ঈশ্বর আমাদেরকে ভীতর থেকে পরিবর্তন করেন। আমরা নতুন জন্ম লাভ করে থাকি! খ্রীষ্টেতে আমরা নতুন সৃষ্টি হই। মুহূর্তের মধ্যে, ঈশ্বর আমাদের আত্মাতে একটি সৃজনশীল কাজ করেন যা আমাদেরকে অন্ধকার থেকে আলোর দিকে নিয়ে আসে, শয়তানের অধীনে বন্দী থাকা থেকে খ্রীষ্টেতে এক স্বাধীন জীবনে নিয়ে আসে। খ্রীষ্টিয় জীবন হল পরিবর্তনের একটি ধারাবাহিক প্রক্রিয়া। ঈশ্বর আমাদেরকে আগে থেকে মনোনীত করেছেন *"... আপন পুত্রের প্রতিমূর্তির অনুরূপ হইবার জন্য ..."* (রোমীয় 8:29ক)। পরিবর্তনের এক ধারাবাহিক প্রক্রিয়ার মধ্যে দিয়ে আমাদের বর্তমানের মানুষ সম্পূর্ণ খ্রীষ্টের মত হওয়ার জন্য রূপান্তরিত হচ্ছে। আমরা সেই মহান পরিবর্তনের দিনে অপেক্ষায় আছি—যেদিন প্রভু নিজে স্বর্গ থেকে নেমে আসবেন তুরীধ্বনির সাথে, *"... এবং চোখের পলকে আমরা রূপান্তরিত হয়ে যাব"* (1 করিন্থীয় 15:51,52)। নশ্বর দেহ অবিনশ্বর দেহ ধারণ করবে। *"তখন আমরা তাঁহার সমরূপ হইব; কারণ তিনি যেমন আছেন, তাঁহাকে তেমনি দেখিতে পাইব"* (1 যোহন 3:2)।

খ্রীষ্টেতে আমাদের জীবন শুরু হয় পরিবর্তনের একটি নির্দিষ্ট ঘটনার মধ্যে দিয়ে এবং এটা শেষ হয় আরেকটি তাৎক্ষণিক পরিবর্তনের ঘটনার মধ্যে দিয়ে। কিন্তু, এই দুটি পর্যায়ের মাঝে পরিবর্তনের একটি ধারাবাহিক প্রক্রিয়া দেখতে পাওয়া যায়। এই পুস্তকটির বিষয়বস্তু মূলতঃ অনুপ্রেরণাদায়ক এবং এর উদ্দেশ্য হল আমাদেরকে উদ্দীপিত করা যাতে এই পরিবর্তনের প্রক্রিয়াতে আমরা সক্রিয় ভাবে অংশগ্রহণ করতে পারি। আমাদের জীবনের সেই দিকগুলিকে বিবেচনা করবো যেগুলিকে পরিবর্তনের প্রক্রিয়ার মধ্যে দিয়ে নিয়ে যাওয়ার প্রয়োজন আছে।

**2 করিন্থীয় 3:18**
**কিন্তু আমরা সকলে অনাবৃত মুখে প্রভুর তেজ দর্পণের ন্যায় প্রতিফলিত করিতে করিতে তেজ হইতে তেজ পর্যন্ত যেমন প্রভু হইতে, আত্মা হইতে হইয়া থাকে, তেমনি সেই মূর্তিতে স্বরূপান্তরীকৃত হইতেছি।**

আমাদের লক্ষ্য যদি প্রভুর উপর স্থির থাকে, তাহলে এটা অবধারিত যে আমরা তাঁর মত হওয়ার জন্য পরিবর্তিত হতে থাকবো। বাস্তবে, তাঁর যত কাছে আমরা আসবো এবং যত বেশী তাঁর মহিমার দিকে দৃষ্টিপাত করবো, তত বেশী আমরা আমাদের জীবনের সেই দিকগুলিকে চিহ্নিত করতে শুরু করবো যেখানে পরিবর্তনের প্রয়োজন আছে। উপরের পদটি আমাদের বলে যে আমরা *"স্বরূপান্তরীকৃত হচ্ছি"* (দয়া করে ক্রিয়া শব্দটির অনবরত বর্তমান কালটিকে লক্ষ্য করুন)। আমরা যত পরিবর্তিত হতে থাকি, তত আমরা তেজমান হতে থাকি। সুতরাং, একটা স্তর থেকে আরেকটি স্তর পর্যন্ত পৌঁছানোর জন্য পরিবর্তন প্রয়োজন। এটাই আমাদের মধ্যে আত্মিক বৃদ্ধি অথবা অগ্রগতি নিয়ে আসে। পরিবর্তন ব্যাতিরেকে কোনো আত্মিক বৃদ্ধি ঘটে না, কারণ বৃদ্ধি নিজেই একটি পরিবর্তনের প্রক্রিয়া। আমরা বিশ্বাস করি যে ঈশ্বরের ইচ্ছা এটা নয় যে তাঁর সন্তানেরা আত্মিক ভাবে একই অবস্থায় দীর্ঘকাল ধরে থাকুক। বরং, তিনি চান আমরা যেন সামনের দিকে এগোতে থাকি। ঈশ্বর চান না যে আমরা কোনো পর্যায়ে আটকে যাই।

শুধুমাত্র যে আমাদের আত্মিক জীবনের ক্ষেত্রেই পরিবর্তনের প্রয়োজন আছে, তা নয়, কিন্তু এটা যেন আমাদের প্রতিদিনের অস্তিত্বের মধ্যে দেখতে পাওয়া যায়। আমরা যেন আমাদের ব্যক্তিত্বে, আচার-আচরণে,

বুদ্ধিতে, দক্ষতায়, ক্ষমতায়, অর্থে, পরিকল্পনায়, লক্ষ্যে, এবং এই প্রকারের অন্যান্য বিষয়েও যেন পরিবর্তনকে স্বাগত জানাই। আমাদের জীবনের প্রত্যেকটি ক্ষেত্রে *"তেজমান হতে থাকা"* পর্যন্ত এগিয়ে যাওয়ার জন্য একটি ইচ্ছাকৃত ও বুদ্ধিগত প্রচেষ্টা থাকে। কেননা, ঈশ্বর আমাদের পার্থিব জীবনের প্রত্যেকটি বিস্তারিত ও ক্ষুদ্র ক্ষেত্রেও আগ্রহী—শিক্ষা, কর্মজীবন, পরিবার, পেশা, এবং পরিচর্যা। এই প্রত্যেকটি ক্ষেত্রে, সবসময়ে উচ্চ ও উত্তম বিষয় সাধন করার সুযোগ থাকে।

যেমন উদাহরণ, আপনি যদি একজন সফল ডাক্তার হন, তাহলে আরও উন্নত হওয়ার জন্য প্রচেষ্টা করতে পারেন। হয়ত আপনি আরও নতুন কোনো উপায়ের চিন্তাভাবনা করতে পারেন যার দ্বারা আপনি ওষুধ সেই সকল মানুষদের কাছে পৌঁছে দিতে পারেন যাদের কাছে চিকিৎসার ভাল সুযোগ-সুবিধা নেই। আপনি সেই কাজ করার জন্য চিন্তাভাবনা করতে পারেন যা আপনার প্রাথমিক পরিকল্পনার মধ্যে ছিল না। একজন শিক্ষার্থী হিসেবে, আপনি আপনার জ্ঞান ও দক্ষতাকে বৃদ্ধি করার প্রচেষ্টা করতে পারেন। একজন গৃহিণী হিসেবে, আপনি আপনার পরিবারের যত্ন নেওয়ার গুণ ও মানকে আরও উন্নত করার প্রচেষ্টা করতে পারেন। একজন পরিচর্যাকারী হিসেবে, আপনি আপনার হোমিলেটিক্স ও হারমানিউটিক্স (বাইবেলের সঠিক ব্যাখ্যা) উন্নত করার প্রচেষ্টা করতে পারেন। কিন্তু এই সবকিছু তখনই সম্ভব হবে যখন আমরা "পরিবর্তন" স্বীকার করার জন্য ইচ্ছুক থাকবো। পরবর্তী অধ্যাগুলিতে, আমরা পরিবর্তনের কয়েকটি দিক নিয়ে বিবেচনা করবো।

# 2
# আমাদের উদ্দেশ্য ও আকাঙ্খায় পরিবর্তন

**গীতসংহিতা 51:10**
**হে ঈশ্বর, আমাতে বিশুদ্ধ অন্তঃকরণ সৃষ্টি কর, আমার অন্তরে সুস্থির আত্মাকে নূতন করিয়া দেও।**

আমাদের অন্তরের উদ্দেশ্য ও আকাঙ্খাগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের উপলব্ধি করার প্রয়োজন যে সবচেয়ে আত্মিক ও উত্তম আচরণকারী খ্রীষ্ট বিশ্বাসীও কোনো নির্দিষ্ট ক্ষেত্রে ভুল উদ্দেশ্য ও আকাঙ্খা পোষণ করে থাকতে পারে। আমাদের কেউই এই প্রকারের মন্দ থেকে সম্পূর্ণ সুরক্ষিত নই। বরং, আমাদেরকে অনবরত এই প্রকারের বিষয়গুলি থেকে নিজেদের সুরক্ষিত রাখতে হবে। প্রভু আমাদের বলেছেন, *"সমস্ত রক্ষণীয় অপেক্ষা তোমার হৃদয় রক্ষা কর, কেননা তাহা হইতে জীবনের উদ্‌গম হয়"* (হিতোপদেশ 4:23)। ভুল উদ্দেশ্য ও অভিপ্রায় থেকে আমাদের হৃদয়কে রক্ষা করার দায়িত্ব আমাদের হাতেই দেওয়া হয়েছে। আমাদের হৃদয়কে অন্বেষণ ও অনুসন্ধান করে যদি কোনো এই প্রকারের উদ্দেশ্য ও আকাঙ্খা দেখতে পাই, তাতে কোনো ভুল কিছু নেই। পরিবর্তনের দিকে এটাই হল প্রথম পদক্ষেপ। শাস্ত্র আমাদেরকে বারংবার বলেছে নিজেদেরকে নিরীক্ষণ করতে।

**1 করিন্থীয় 11:28**
**কিন্তু মনুষ্য আপনার পরীক্ষা করুক, এবং এই প্রকারে সেই রুটি ভোজন ও সেই পানপাত্রে পান করুক।**

**1 করিন্থীয় 11:31**
**আমরা যদি আপনাদিগকে আপনারা চিনিতাম, তবে আমরা বিচারিত হইতাম না।**

**2 করিন্থীয় 13:5**
**আপনাদের পরীক্ষা করিয়া দেখ, তোমরা বিশ্বাসে আছ কি না; প্রমাণার্থে আপনাদেরই পরীক্ষা কর। অথবা তোমরা কি আপনাদের সম্বন্ধে জান না যে, যীশু খ্রীষ্ট তোমাদের মধ্যে আছেন? অবশ্য যদি তোমরা অপ্রামাণিক না হও।**

## পরিচর্যাতে আমাদের উদ্দেশ্য ও সঙ্কল্প

আমাদের মন্দ উদ্দেশ্য ও আকাঙ্খাগুলিকে চিহ্নিত করার পর, আমাদের উচিৎ সেইগুলিকে স্বীকার করা এবং প্রভুর কাছে যাচঞ্ঞা করা যাতে তিনি আমাদের পরিবর্তন করে। দায়ূদের মত প্রার্থনা করুন, *"হে ঈশ্বর, আমাতে বিশুদ্ধ অন্তঃকরণ সৃষ্টি কর, আমার অন্তরে সুস্থির আত্মাকে নূতন করিয়া দেও"* (গীতসংহিতা 51:10)। ব্যক্তিগত ভাবে, আমরা যখন লোকেদের পরিচর্যা করে থাকি, তখন আমাদের নিজস্ব জীবনে বিভিন্ন ক্ষেত্রে মন্দ উদ্দেশ্যগুলি থেকে অনবরত রক্ষা করতে থাকা উচিৎ। আমাদের উচিৎ নিজেদেরকে প্রশ্ন করা, "কেন আমি এটা করছি? আমার উদ্দেশ্যটি কী? আমার অন্তরের আকাঙ্খাটি কী?" উদাহরণস্বরূপ, আমাদেরকে যদি কোনো একটা স্থানে পরিচর্যা করার জন্য নিমন্ত্রণ করা হয়ে থাকে, তাহলে আমরা যেন প্রভুর কাছে প্রার্থনা করি যাতে তিনি আমাদের হৃদয়কে প্রস্তুত করেন এবং সেখানে যাওয়ার একটি বিশুদ্ধ উদ্দেশ্য প্রদান করেন। তারা পরিচর্যার জন্য যে দান আমাদের দিয়ে থাকেন, সেইটার উপর লক্ষ্য কেন্দ্র করা থেকে নিজেদেরকে রক্ষা করতে হবে। আমরা যত ঈশ্বরের প্রেমের ও শক্তির অলৌকিক প্রদর্শনের আকাঙ্খা করবো, "ঈশ্বরের অভিষিক্ত ব্যক্তি" হিসেবে চিহ্নিত হওয়ার আকাঙ্খা থেকে তত যেন আমরা আমাদের হৃদয়কে রক্ষা করি। আমরা যত পরিচর্যাতে বৃদ্ধি পাওয়ার অন্বেষণ করি, আমাদের "পরিচর্যা" অথবা "রাজত্ব"কে উন্নীত করার প্রবণতা ও আকাঙ্খা থেকে তত যেন আমরা নিজেদের হৃদয়কে রক্ষা করি। আমরা যেন অনবরত নিজেদের স্মরণ করাতে থাকি যে এটা "ঈশ্বরের কাজ", "আমাদের কাজ" নয়, এবং এটা "ঈশ্বরের রাজ্যের" জন্য, "আমাদের রাজ্যের" জন্য নয়।

আমি পরিচর্যাতে সতর্ক থাকার বিষয়ের উপর জোর দিয়েছি কারণ আমাদের উদ্দেশ্য ও আকাঙ্খাগুলি আমাদের জীবনের অনেক দিকগুলিকে নির্ধারণ করে ও প্রভাবিত করে। সর্বোপরি, ঈশ্বর আমাদের বাহ্যিক অভিব্যক্তির গভীরে দেখতে পান। *"কেননা মনুষ্য যাহা দেখে, তাহা কিছু নয়; যেহেতু মনুষ্য প্রত্যক্ষ বিষয়ের প্রতি দৃষ্টিপাত করে, কিন্তু সদাপ্রভু অন্তঃকরণের প্রতি দৃষ্টিপাত করেন"* (I শমূয়েল 16:7)। ঈশ্বর আমাদের অন্তরের মানুষের মধ্যে সততা আশা করেন (গীতসংহিতা 51:6)। আপনার উদ্দেশ্য ও আকাঙ্খাগুলির উপর সর্বদা নজর রাখুন। সেইগুলি যদি সঠিক না থাকে, তাহলে প্রভুর কাছে যান এবং আপনাকে প-রি-ব-র্ত-ন করার জন্য প্রার্থনা করুন!!

# 3
# আমাদের চিন্তাভাবনা, মনোভাব, কথাবার্তা ও আচরণে পরিবর্তন

**রোমীয় 12:2**
**আর এই যুগের অনুরূপ হইও না, কিন্তু মনের নূতনীকরণ দ্বারা স্বরূপান্তরিত হও; যেন তোমরা পরীক্ষা করিয়া জানিতে পার, ঈশ্বরের ইচ্ছা কি; যাহা উত্তম ও প্রীতিজনক ও সিদ্ধ।**

**ইফিষীয় 4:23**
**আর আপন আপন মনের ভাবে যেন ক্রমশঃ নবীনীকৃত হও।**

**1 তীমথিয় 4:12**
**তোমার যৌবন কাহাকেও তুচ্ছ করিতে দিও না; কিন্তু বাক্যে, আচার ব্যবহারে, প্রেমে, বিশ্বাসে ও শুদ্ধতায় বিশ্বাসিগণের আদর্শ হও।**

প্রভু আমাদের চিন্তাভাবনা ও মানসিকতায় পরিবর্তন লক্ষ্য করতে চান। *"আমাদের মনের নূতনীকরণ"* (রোমীয় 12:2) দেখায় যে আমাদের দৃষ্টিকোণ, মানসিকতা, এবং চিন্তাভাবনা করার পদ্ধতিতে অবশ্যই যেন পরিবর্তন আসে। এর অনেকগুলি দিক রয়েছে। আমাদেরকে "জাগতিক চিন্তাভাবনা" অথবা "জাগতিক" মানসিকতা থেকে পরিবর্তিত হয়ে ঈশ্বরের চিন্তাভাবনা ও মনোভাবকে পরিধান করতে হবে। আমাদেরকে "নিম্ন" বিষয় নিয়ে চিন্তাভাবনা করা বন্ধ করতে হবে এবং আমাদের মানকে উন্নত করতে হবে যাতে ঈশ্বরের বাক্যের সাথে ঐক্যবদ্ধ হয়ে বিশ্বাসের দৃষ্টিকোণ থেকে চিন্তাভাবনা করতে পারি। আমাদের অনেককে নেতিবাচক, "সম্ভব নয়" মানসিকতা ও অভিগমন থেকে সরে এসে ঈশ্বরের উপর সরল বিশ্বাসের দ্বারা মহান সম্ভাবনাগুলিকে দেখা শুরু করতে হবে। আমাদের মধ্যে অনেকেই "পুরাতন উপায়ে" কাজ করার মানসিকতায় ডুবে থাকে যে তারা "নতুন ও সতেজ" পদ্ধতিগুলিকে গ্রহণ করতে অস্বীকার করে, যা প্রভু স্বয়ং নিজে করতে চান। আমাদের ধর্মীয় রীতিনীতি আমাদের চিন্তাভাবনাকে এতটাই বেঁধে দিয়েছে যে আমরা ধারণা করে নিয়েছি ঈশ্বর আর কোনো উপায়ে কাজ করতে পারেন না, শুধুমাত্র সেই

উপায়ে কাজ করেন যেটা আমরা শিখে এসেছি।

অনেকের জীবনে এমন স্বপ্ন রয়েছে যা অত্যন্ত ক্ষুদ্র, অতি নগণ্য উচ্চাকাঙ্খা, অতি ক্ষীণ দর্শন যে তাদেরকে এই ক্ষেত্রে পরিবর্তন লক্ষ্য করতে পারার প্রয়োজন আছে। আমাদেরকে বড় স্বপ্ন দেখতে হবে, ঈশ্বরের জন্য কার্যসাধন করার জন্য উচ্চ আকাঙ্খা রাখতে হবে, এবং এমন দর্শন রাখতে হবে যা আমাদের জগতে পার্থক্য গড়ে তুলবে। আমাদের মধ্যে কেউ কেউ—আমাদের ব্যর্থতার অভিজ্ঞতার কারণে, পরাজয়, নিরুৎসাহ, অথবা দুর্ঘটনার কারণে—একটা উদাসীনতার পর্যায়, আশাহীনতার পর্যায়, এমনকি হতাশার পর্যায়ে পৌঁছে গিয়েছে। কোনো উৎসাহ, এগিয়ে চলার ইচ্ছা, বৃদ্ধি পাওয়ার আকাঙ্খা সেখানে থাকে না। ঈশ্বর এই সবকিছুকে পরিবর্তন করতে পারেন যদি আমরা তাঁর সাথে সামান্য সহযোগিতা করার ইচ্ছা রাখি!! কেউ কেউ সবকিছু নিয়ে উদাসীন থাকে, এমনই অলস। আমাদের মানসিকতার মধ্যে একটি ব্যাপক পরিবর্তনের প্রয়োজন আছে!! কেউ কেউ সব বিষয়গুলিকে পরে করবে বলে রেখে দেয় এবং তাদেরও পরিবর্তন হওয়ার প্রয়োজন আছে। কেউ কেউ পরিকল্পনা করে ও কথাবলে, কিন্তু "লাঙ্গলে হাত দেবে না"। এটারও পরিবর্তনের প্রয়োজন আছে। কেউ কেউ ভয়ে, অহঙ্কারে, তিক্ততায়, অথবা অন্যান্য চারিত্রিক বৈশিষ্ট্যের মধ্যে জর্জরিত যা ঈশ্বরের দৃষ্টিতে প্রীতিজনক নয়, এবং তিনি সেটাকেও পরিবর্তন করতে চান। ঈশ্বর আমাদের কথাবার্তা ও আচার-আচরণ সম্পর্কে আমাদেরকে একটি উচ্চস্তরে উন্নত করতে চান। আমাদের কথাবার্তা ও আচার-আচরণ যেন একজন বিশ্বাসীর ন্যায় হয়।

ব্যক্তিগত ভাবে, আমাদের নিজেদের জীবনে যত চিন্তাভাবনা ও মানসিকতাগুলিকে নিয়ে সচেতন হয়ে উঠি, যেগুলি সঠিক নয়, ততই আমাদের প্রভুর কাছে যাওয়া প্রয়োজন আছে, সেইগুলিকে তাঁর সামনে স্বীকার করা এবং আমাদের পরিবর্তনের জন্য প্রার্থনা করার প্রয়োজন আছে। প্রভুর সাথে অনেক বছর গমনাগমন করার পরেও, আমরা সেই ক্ষেত্রগুলিকে চিহ্নিত করতে পারব যেখানে পরিবর্তনের প্রয়োজন আছে। আপনি কি আপনার জীবনে সেই মানসিকতা ও চিন্তাভাবনার ধরণগুলিকে চিহ্নিত করতে পারবেন যেগুলি আপনি ঈশ্বরের কাছে নিয়ে আসতে চান এবং বলতে চান, "প্রভু, আমার জীবনে এই পরিবর্তনটি দেখতে চাই?"

# 4
# অপ্রত্যাশিত পরিবর্তনের জন্য নিজেকে উন্মুক্ত রাখুন

**যোহন 3:8**
**বায়ু যে দিকে ইচ্ছা করে, সেই দিকে বহে, এবং তুমি তাহার শব্দ শুনিতে পাও; কিন্তু কোথা হইতে আইসে, আর কোথায় চলিয়া যায়, তাহা জান না; আত্মা হইতে জাত প্রত্যেক জন সেইরূপ।**

আত্মায় জন্মগ্রহণ করা আমাদেরকে একটি নতুন জীবনে প্রবেশ করায় যেখানে সবকিছুকে সম্পূর্ণ ভাবে ব্যাখ্যা করা সম্ভব নয়। কিছু কিছু বিষয়ের সামনে নিজেদেরকে শুধুই সমর্পণ করতে হবে ও অনুভব করতে হবে। প্রভু যীশু আত্মার দ্বারা নতুন জন্মকে বায়ুর সাথে তুলনা করেছেন, যেটা যেদিকে চায়, সেইদিকে বয়ে। আমাদের শুধুমাত্র সেটাকে অনুভব করতে হবে। আমরা এর আসল উৎস অথবা গন্তব্য জানি না। তাই, আত্মার অনেক কাজগুলিকে সম্পূর্ণ ভাবে ব্যাখ্যা করা সম্ভব নয়। আমরা শুধুমাত্র সেটাই অভিজ্ঞতা লাভ করে থাকি যেটা তিনি করেছেন। অনেক সময়ে প্রভু আমাদের জীবনে ঘটনা ও পরিস্থিতি নিয়ে আসেন, যা সম্পূর্ণ ভাবে আমাদের কাছে অপ্রত্যাশিত থাকে। আমরা কোন বিষয়ের সম্মুখীন হতে চলেছি, সেটার আগে থেকে কোনো ধারণাই থাকে না। এইগুলি আমাদের পরিকল্পনার অংশ নয়। যাইহোক, সবচেয়ে বুদ্ধিমানের কাজ হবে প্রভুর কাছে নিজেদের সমর্পণ করা এবং "বায়ু যেদিকে বয়ে, সেইদিকে যাওয়া"। অপ্রত্যাশিত পরিবর্তনের জন্য নিজেদের উন্মুক্ত রাখতে শেখাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, যা প্রভু আমাদের জীবনে নিয়ে আসেন। এইগুলি আমাদের জীবনের ঘুরে দাঁড়ানোর মোড় হয়ে উঠতে পারে।

## আমাদের পরিচর্যায় পরিবর্তন

অ্যামি (আমার স্ত্রী) এবং আমি, আমরা দুজনেই সেই অনেক ঘটনাগুলিকে গুণতে পারি, যেখানে ঈশ্বর অপ্রত্যাশিত পরিবর্তনগুলিকে ব্যবহার করেছিলেন আমাদেরকে সেই দিকে পরিচালনা করে নিয়ে যাওয়ার জন্য

যা তিনি আমাদের জন্য রেখেছিলেন। 1995 সালে, আমার বাবা ব্যবসার কাজের জন্য আমেরিকা গিয়েছিলেন। তিনি এক রাতের জন্য আমার সাথে দেখা করতে নিউ জার্সির নিউ ব্রান্সউইক শহরে এসেছিলেন, যেখানে আমি বাস করতাম। তিনি এক শনিবার এসেছিলেন এবং পরের দিন বিকালে তিনি চলে যাবেন। আমার বাবার সর্বদা ইচ্ছা ছিল কোনো একটা আফ্রিকান-আমেরিকান মণ্ডলীতে যেতে, কারণ তিনি তাদের গান-প্রার্থনা ও আরাধনার ধরন নিজের চোখে দেখতে ও উপলব্ধি করতে চেয়েছিলেন। আমাদের বাড়ির কাছেই একটা আফ্রিকান-আমেরিকান মণ্ডলী ছিল এবং তাই রবিবার সকালে আমরা সেখানে গিয়েছিলাম। আমি এর আগে কখনই এমন প্রাণবন্ত, স্বতঃস্ফূর্ত, গান ও আরাধনা লক্ষ্য করিনি। এটা অত্যন্ত জোরালো ছিল, প্রায় বধির করে দেওয়ার মত, এবং মনে হচ্ছিল সমস্ত বাড়িটা হয়ত পড়ে যাবে! অন্ততঃ আমার কাছে তা মনে হয়েছিল! সেই সময় পর্যন্ত, আমি বিশ্ববিদ্যালয়ে কয়েকজন কোরিয়ান-আমেরিকান ভাই-বোনেদের সাথে খুব কাছ থেকে কাজ করতাম ও তাদের সাথে ঘনিষ্ঠ ছিলাম। আমরা প্রশংসা করাতে স্বাধীনতা অনুভব করতাম, তবুও এটা কিছু ছিল না যেটা আমি সেইদিন সেইখানে দেখেছিলাম। সেই সময়ে হাজার হাজার চিন্তাভাবনা আমার মনের মধ্যে দৌড়ে বেড়াচ্ছে। আমি মনের গভীরে জানতাম যে এই প্রকারের আরাধনায় প্রকৃতই স্বাধীনতা রয়েছে। আমি সবসময়ে চেয়েছিলাম প্রভুর প্রশংসা স্বাধীন ভাবে ও মুক্ত ভাবে করতে। কিন্তু সেইদিন এই আফ্রিকান-আমেরিকান মণ্ডলীতে যা কিছু হয়েছিল, সেটার তুলনায় আমি যেন একটা ইটের তৈরি প্রাচীরের চেয়েও বেশী শক্ত ছিলাম। পরে সেই দিনে যখন আমি একা ছিলাম, আমি অত্যন্ত বিভ্রান্ত হয়ে পড়েছিলাম। আমার একটা অংশ বলছিল, “প্রভু আমি সেখানে আর ফিরে যেতে চাই না। আমি কখনই তাদের মত হতে পারব না। আর আমি এই তীব্র আওয়াজ সহ্য করতে পারব না”। আমার আরেকটি অংশ বলছিল, “প্রভু তাদের কাছে যা আছে, আমিও সেটা চাই - এই ধরনের আরাধনায় স্বাধীনতা আছে”। সারাংশ করে যদি বলি, আমি সেখানে ফিরে গিয়েছিলাম এবং যখন অ্যামি আমার সাথে ছিল, আমরা একসঙ্গে সেখানে গিয়েছিলাম। অল্প সময়ের মধ্যেই, আমাকে সেখানে পরিচর্যা করার সুযোগ দেওয়া হয়েছিল এবং প্রত্যেক বুধবার রাত্রে আমরা সেখানে তা করতাম। আমরা অনেক অসাধারণ আফ্রিকান-আমেরিকান ভাই ও বোনেদের সাথে পরিচিত হয়েছিলাম। আমরা সেখানে ম্যানুয়েল ও

টানিয়ার সাথে দেখা করেছিলাম, স্প্যানিশ ভাষায় কথা বলা এক দম্পতি, যারা সেখানে অতিথি হিসেবে এসেছিল। এরপর, আমাদেরকে একটা হিস্প্যানিক মণ্ডলীতে পরিচর্যা করার জন্য আমন্ত্রণ জানানো হয়, যেটা তারা শুরু করেছিল। শীঘ্রই, এই হিস্প্যানিক মণ্ডলীর জীবনের সাথে আমরা অনেক কিছুই ভাগ করে নিয়েছিলাম। প্রত্যেক সপ্তাহে ম্যানুয়েল ও টানিয়া আমাদের সাথে ঈশ্বরের বাক্য থেকে অধ্যয়ন করাতে সময় কাটাত। সেই হিস্প্যানিক মণ্ডলীতে অ্যামি সঙ্গীত পরিচর্যাতে সাহায্য করত এবং তাদের সাহায্যে পরিচর্যা কাজের জন্য 1996 সালে ইকুয়েডরে যাওয়ার সুযোগ পেয়েছিলাম!

দেখুন, এই সবকিছু একটার পর একটা ঘটেছিল সেই একটা রাতে আমার বাবার আমার কাছে আসার কারণে!! অপ্রত্যাশিত, তাই না? অবশ্যই! আমরা কি এটার জন্য পরিকল্পনা করেছিলাম? অবশ্যই না! আমরা শুধুমাত্র শিখেছি সেই দিকে যেতে যেদিকে হাওয়া বয়ে। আমরা কখনই কল্পনা করিনি যে কোনো আফ্রিকান-আমেরিকান অথবা একটা হিস্প্যানিক মণ্ডলীতে ও সম্প্রদায়ের মাঝে পরিচর্যা করবো। তিনি যেদিকে নিয়ে যেতে চান, আমরা সেইদিকেই যাব!! প্রস্তুত থাকুন ও অপ্রত্যাশিত পরিবর্তনের জন্য নিজেকে উন্মুক্ত রাখুন যা ঈশ্বর আপনার জীবনে নিয়ে আসতে চান।

# 5
# পরিবর্তন—অগ্রসর হওয়ার জন্য ও বৃদ্ধি পাওয়ার জন্য প্রয়োজন

**যোহন 12:24**
**সত্য, সত্য, আমি তোমাদিগকে বলিতেছি, গমের বীজ যদি মৃত্তিকায় পড়িয়া না মরে, তবে তাহার একটিমাত্র থাকে; কিন্তু যদি মরে, তবে অনেক ফল উৎপন্ন করে।**

আমরা তেজ থেকে তেজ পর্যন্ত "পরিবর্তিত" হতে থাকি। সুতরাং, আজকে যে প্রতাপ আমরা অনুভব করেছি, সেখান থেকে পরবর্তী স্তরে যাওয়ার জন্য আমাদের প্রথমে পরিবর্তিত হতে হবে। যে বিষয়গুলি আমাদেরকে একটা স্থানে আটকে রাখছে ও অগ্রসর হওয়া থেকে আটকাচ্ছে—সেটা আমাদের উদ্দেশ্য, মানসিকতা, আচরণ, অথবা কথাবার্তা হোক—সেইগুলিকে পরিবর্তন করার প্রয়োজন আছে। আমাদের উঠে দাঁড়াতে হবে এবং এই বিষয়গুলিকে স্বীকৃতি জানাতে হবে, এবং ঈশ্বরের সাহায্যে আমাদেরকে সেইগুলিকে পরিবর্তিত হতে দেখতে হবে। আমরা মনে করতে পারি যে আমাদের বর্তমান পরিস্থিতি হল সেই *"গমের এক বীজ"।* আমরা যদি সেই পর্যায়ে যেতে চাই, যেখানে *"অনেক ফল উৎপন্ন"* হয়, তাহলে প্রথমে আমাদেরকে মাটিতে পড়তে হবে, *"মারা"* যেতে হবে, এবং তারপর *"অনেক ফল উৎপন্ন"* করতে পারব। এটা আমাদের মধ্যে একটা পরিবর্তনের প্রক্রিয়াকে চিহ্নিত করে। আমাদের প্রথমে মাটিতে পড়তে হবে এবং সেটার জন্য নম্রতার প্রয়োজন আছে। আমাদের পরিবর্তনের প্রয়োজনটিকে মেনে নেওয়ার জন্য নম্রতার প্রয়োজন আছে। আমাদেরকে নিজেদের প্রতি মরতে হবে। কখনও কখনও এটা একটা যন্ত্রণাদায়ক প্রক্রিয়া হতে পারে। তখনই আমরা পরবর্তী "তেজ" স্তরে উঠতে পারব, এবং এই ভাবে অগ্রগতি ও বৃদ্ধি অনুভব করবো।

# 6
# পরিবর্তনের আত্মা

**আদিপুস্তক 1:1-3**
**[1] আদিতে ঈশ্বর আকাশমণ্ডল ও পৃথিবী সৃষ্টি করিলেন।**
**[2] পৃথিবী ঘোর ও শূন্য ছিল, এবং অন্ধকার জলধির উপরে ছিল, আর ঈশ্বরের আত্মা জলের উপরে অবস্থিতি করিতেছিলেন।**
**[3] পরে ঈশ্বর কহিলেন, দীপ্তি হউক; তাহাতে দীপ্তি হইল।**

ঈশ্বরের আত্মা আমাদেরকে তেজমান হওয়া পর্যন্ত পরিবর্তন করেন। পবিত্র আত্মা হলেন পরিবর্তন নিয়ে আসার ব্যক্তি। পৃথিবী ঘোর ও শূন্য ছিল এবং অন্ধকার ছিল। কিন্তু তবুও ঈশ্বরের আত্মা জলধির উপর ঘুরে বেড়াচ্ছিলেন। ঈশ্বর এই কথাগুলি বললেন, *"দীপ্তি হোক"* (আদিপুস্তক 1:3) এবং ঈশ্বরের পরাক্রমশালী আত্মা অন্ধকারের মাঝে আলো নিয়ে এসেছিলেন। এটা অত্যন্ত উল্লেখযোগ্য যে ঈশ্বরের আত্মা এই আকারহীন, অন্ধকার, শূন্য পৃথিবীর উপর ঘুরে বেড়াচ্ছিলেন যখন ঈশ্বর এই সৃজনশীল কথাগুলি বলার জন্য প্রস্তুত ছিলেন। আমরা নিশ্চিত যে পবিত্র আত্মা হলেন পরিবর্তনের আত্মা। তিনিই হলেন একমাত্র ব্যক্তি যিনি পরিবর্তন ও রূপান্তর নিয়ে আসেন। তিনি বৃহৎ ভাবে করেছিলেন যখন পৃথিবীকে তিনি পুনরুদ্ধার করেছিলেন (আদিপুস্তক 1)। তাহলে, কতটা না বেশী আমরা প্রত্যাশা করতে পারি যে তিনি আমাদের উপর কাজ করবেন, ঈশ্বরের প্রতাপ আমাদের উপর প্রকাশ করবেন এবং আমাদের পরিবর্তন করবেন, যাতে আমরাও তাঁর দৃষ্টিতে উত্তম হতে পারি। তিনি আমাদের মধ্যে ততটাই কাজ করতে পারেন, যতটা আমরা নিজেদেরকে তাঁর কাছে সমর্পণ করি। পবিত্র আত্মার কাছে নিজেদের হৃদয়কে খুলে দিন। নিজেকে তাঁর সামনে উপস্থাপনা করুন এবং আপনাকে পরিবর্তন করার জন্য তাঁর কাছে প্রার্থনা করুন। আপনার জীবনের সেই দিকগুলির সাথে মোকাবিলা করার জন্য সাহায্য যাচঞা করুন, যেখানে পরিবর্তনের প্রয়োজন রয়েছে।

## ঈশ্বরের বাক্য পরিবর্তন নিয়ে আসে

ঈশ্বরের সৃজনশীল ও পুনরুদ্ধারের কাজের মধ্যে, পবিত্র আত্মা পৃথিবীর উপরে ঘুরে বেড়াননি, কিন্তু ঈশ্বরের বাক্য অন্ধকার ও শূন্যের উপর কথা বলেছিলেন (আদিপুস্তক I)। একইভাবে, পবিত্র আত্মা ও ঈশ্বরের বাক্য একসঙ্গে আমাদের জীবনে পরিবর্তন নিয়ে আসে। আপনার হৃদয়কে ও মনকে ঈশ্বরের বাক্যের সামনে উন্মুক্ত করুন। নিজেই ঈশ্বরের বাক্যকে পাঠ করুন ও ধ্যান করুন এবং ঈশ্বরের বাক্য আপনার মধ্যে পরিবর্তনকারী শক্তিকে মুক্ত করতে শুরু করবেন।

# একটা প্রার্থনা

প্রভু, আমাকে পরিবর্তন করো!

*প্রিয় পিতা,*

*আমি তোমার কাছে যীশুর নামে আসছি। প্রভু, আমার জীবনে এমন অনেক বিষয় আছে, যেটাতে পরিবর্তনের প্রয়োজন আমি দেখতে পাচ্ছি। প্রভু, তোমার বাক্যের শক্তিতে ও তোমার আত্মা দ্বারা আমাকে পরিবর্তন কর। আমি যেখানে আছি সেখান থেকে আমি সেই স্থানে এগিয়ে যেতে চাই, যেখানে তুমি আমাকে নিয়ে যেতে চাও। আমি সেই সবকিছু হতে চাই যেটা তুমি আমার মধ্যে দেখতে চাও। আমি সেই সবকিছু লাভ করতে চাই যা তুমি আমার জন্য রেখেছ। প্রভু, আমার হৃদয় ও মনকে পরিবর্তন করো। আমার উদ্দেশ্যগুলিকে, আমার মানসিকতাকে, আমার কথাবার্তাকে, আমার আচরণগুলিকে পরিবর্তন করো। আমাকে সাহায্য করো সেই সকল বিষয়গুলিকে ত্যাগ করতে যা আমাকে অগ্রসর হতে ও ঈশ্বরের বিষয়গুলিতে বৃদ্ধি পেতে বাধা দিচ্ছে।*

*আমেন।*

# আপনি কি সেই ঈশ্বরকে জানেন যিনি আপনাকে প্রেম করেন?

প্রায় 2000 বছর আগে, ঈশ্বর মানব রূপ ধারণ করে এই জগতে এসেছিলেন। তাঁর নাম হল যীশু। তিনি একটা নিষ্পাপ জীবন যাপন করেছিলেন। যেহেতু যীশু মানব রূপে ঈশ্বর ছিলেন, তিনি যা কিছু বলেছেন ও করেছেন, তার দ্বারা ঈশ্বরকে আমাদের কাছে প্রকাশ করেছেন। যে কথাগুলি তিনি বলেছিলেন, সেইগুলি ঈশ্বরের কথা। তিনি যে কাজগুলি সাধন করেছিলেন, সেইগুলি ঈশ্বরের কাজ। এই পৃথিবীতে যীশু অনেক আশ্চর্য কাজ সাধন করেছিলেন। তিনি অসুস্থদের ও পীড়িতদের সুস্থ করেছিলেন। তিনি অন্ধ মানুষদের দৃষ্টিদান করেছিলেন, বধিরদের শ্রবণশক্তি ফিরিয়ে দিয়েছিলেন, খঞ্জদের চলতে সাহায্য করেছিলেন এবং প্রত্যেক ধরনের অসুস্থতা ও ব্যাধি সুস্থ করেছিলেন। আশ্চর্য ভাবে কয়েকটি রুটিকে বৃদ্ধি করে ক্ষুধার্তদের খাইয়েছিলেন, ঝড় থামিয়েছিলেন এবং অনেক আশ্চর্য কাজ করেছিলেন।

**এই সকল কিছু আমাদের কাছে প্রকাশ করে যে ঈশ্বর উত্তম, যিনি চান যে লোকেরা যেন সুস্থ হয়, সম্পূর্ণ হয়, স্বাস্থ্যকর হয় এবং খুশী থাকে। ঈশ্বর তাঁর লোকেদের প্রয়োজন মেটাতে চান।**

তাহলে কেনই বা ঈশ্বর মানব রূপ ধারণ করে আমাদের এই পৃথিবীতে আসার সিদ্ধান্ত নিলেন? যীশু কেন এসেছিলেন?

আমরা সকলে পাপ করেছি এবং সেই সকল কাজ করেছি যা আমাদের সৃষ্টিকর্তা ঈশ্বরের কাছে অগ্রহণীয়। পাপের পরিণাম আছে। পাপ হল ঈশ্বর এবং আমাদের মাঝে একটা দুর্ভেদ্য প্রাচীর। পাপ আমাদের ঈশ্বর থেকে পৃথক করে রেখেছে। এটা আমাদের সৃষ্টিকর্তাকে জানতে ও তাঁর সাথে এক অর্থপূর্ণ সম্পর্ক স্থাপন করতে বাধা দেয়। সুতরাং, আমাদের অনেকেই এই শূন্য স্থানটি অন্যান্য বিষয় দিয়ে পূর্ণ করার চেষ্টা করি।

পাপের আরও একটা পরিণাম হল ঈশ্বরের থেকে অনন্তকালের জন্য পৃথক হয়ে যাওয়া। ঈশ্বরের আদালতে, পাপের বেতন মৃত্যু। মৃত্যু হল নরকে যাওয়ার দ্বারা ঈশ্বরের থেকে অনন্তকালীন পৃথকীকরণ।

কিন্তু, আমাদের জন্য একটা সুসংবাদ আছে যে আমরা পাপ থেকে মুক্তি পেতে পারি এবং ঈশ্বরের সাথে পুনরায় সম্পর্ক স্থাপন করতে পারি। বাইবেল বলে, ***"কেননা পাপের বেতন মৃত্যু; কিন্তু ঈশ্বরের অনুগ্রহ-দান আমাদের প্রভু যীশু খ্রীষ্টেতে অনন্ত জীবন"*** **(রোমীয় 6:23)**। যীশু তাঁর ক্রুশীয় মৃত্যু দ্বারা সমস্ত পৃথিবীর পাপের মূল্য পরিশোধ করলেন। তারপর, তিন দিন পর তিনি মৃত্যু থেকে বেঁচে উঠলেন, তিনি নিজেকে জীবিত অবস্থায় অনেক মানুষের কাছে দেখা দিলেন এবং তারপর তিনি স্বর্গে চলে গেলেন।

ঈশ্বর প্রেমের ও দয়ার ঈশ্বর। তিনি চান না যে একটা মানুষও নরকে শাস্তি পাক। আর সেই কারণে, তিনি এসেছিলেন, যাতে তিনি সমুদয় মানবজাতির জন্য পাপ ও পাপের পরিণাম থেকে মুক্তি পাওয়ার একটা পথ প্রদান করতে পারেন। তিনি পাপীদের উদ্ধার

করতে এসেছিলেন—আপনার এবং আমার মতো মানুষদের পাপ থেকে ও অনন্তকালীন মৃত্যু থেকে উদ্ধার করতে এসেছিলেন।

পাপের এই ক্ষমাকে বিনামূল্যে গ্রহণ করতে গেলে, বাইবেল আমাদের বলে যে আমাদের একটা কাজ করতে হবে—প্রভু যীশু খ্রীষ্ট ক্রুশের উপর যা করেছিলেন তা স্বীকার করতে হবে এবং তাঁকেই সমস্ত অন্তঃকরণ দিয়ে বিশ্বাস করতে হবে।

***"... যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে তাঁহার নামের গুণে পাপমোচন প্রাপ্ত হয়"*** **(প্রেরিত 10:43)।**

***"কারণ তুমি যদি 'মুখে' যীশুকে প্রভু বলিয়া স্বীকার কর, এবং 'হৃদয়ে' বিশ্বাস কর যে, ঈশ্বর তাঁহাকে মৃতগণের মধ্য হইতে উত্থাপন করিয়াছেন, তবে পরিত্রাণ পাইবে"*** **(রোমীয় 10:9)।**

আপনি যদি প্রভু যীশু খ্রীষ্টকে বিশ্বাস করেন, তাহলে আপনিও আপনার পাপের ক্ষমা লাভ করতে পারেন ও শুচিকৃত হতে পারেন।

নিম্নলিখিত একটা সহজ প্রার্থনা রয়েছে যা আপনাকে প্রভু যীশু খ্রীষ্টের উপর বিশ্বাস তথা তিনি ক্রুশের উপর যা করেছেন, তা সিদ্ধান্ত নিতে সাহায্য করবে। এই প্রার্থনাটি যীশুর বিষয়ে আপনার অঙ্গীকারকে ব্যক্ত করতে ও পাপের ক্ষমা ও শুচিকরণ লাভ করতে সাহায্য করবে। এই প্রার্থনাটি একটা নির্দেশরেখা মাত্র। এই প্রার্থনাটি আপনি আপনার নিজের ভাষাতেও করতে পারেন।

*প্রিয় প্রভু যীশু, আজ আমি বুঝতে পেরেছি যে তুমি আমার জন্য ক্রুশের উপর কী সাধন করেছো। তুমি আমার জন্য মারা গেছ, তুমি তোমার বহুমূল্য রক্ত সেচন করেছ এবং আমার পাপের মূল্য দিয়েছ, যাতে আমি ক্ষমা লাভ করতে পারি। বাইবেল আমাকে বলে যে কেউ তোমার উপর বিশ্বাস করবে, সে তার পাপের ক্ষমা লাভ করবে।*

*আজ, আমি তোমাকে বিশ্বাস করার এবং তুমি আমার জন্য যা করেছো, তা গ্রহণ করার একটা সিদ্ধান্ত নিই, এবং বিশ্বাস করি যে তুমি আমার জন্য ক্রুশে মারা গিয়েছ এবং মৃত্যু থেকে পুনরুত্থিত হয়েছ। আমি বিশ্বাস করি যে আমি আমার উত্তম কাজ দ্বারা নিজেকে উদ্ধার করতে পারব না, না অন্য কোন মানুষও আমাকে উদ্ধার করতে পারবে। আমি আমার পাপের ক্ষমা অর্জন করতে পারি না।*

*আজ, আমি আমার হৃদয়ে বিশ্বাস করি এবং আমার মুখে স্বীকার করি যে তুমি আমার জন্য মারা গিয়েছ, তুমি আমার পাপের মূল্য দিয়েছ, তুমি মৃতদের মধ্যে থেকে উত্থিত হয়েছ, এবং তোমার উপর বিশ্বাস করার মধ্যে দিয়ে, আমি আমার পাপের ক্ষমা ও শুচিকরণ লাভ করি।*

*যীশু তোমাকে ধন্যবাদ। আমাকে সাহায্য কর যেন আমি তোমাকে প্রেম করতে পারি, তোমাকে আরও জানতে পারি এবং তোমার প্রতি বিশ্বস্ত থাকতে পারি। আমেন।*

# অল পিপালস্ চার্চের সম্বন্ধে কিছু কথা

অল পিপালস্ চার্চ (APC) তে, আমাদের দর্শন হল বেঙ্গালুরু শহরে একটা লবণ ও জ্যোতির মতো হওয়া এবং সমগ্র ভারতবর্ষে ও পৃথিবীর অন্যান্য দেশে একটা রব হওয়া।

অল পিপালস্ চার্চ হল **যীশুকে প্রেম করা, ঈশ্বরের বাক্য কেন্দ্রিক, পবিত্র আত্মায় পূর্ণ,** পরিবার মণ্ডলী, একটি প্রস্তুতির কেন্দ্র, এক মিশন ভিত্তিক ও বিশ্বব্যাপী প্রসারিত মণ্ডলী।

- একটি **পরিবার মণ্ডলী** হিসেবে, আমরা খ্রীষ্ট-কেন্দ্রিক সহভাগীতায় একটি সম্প্রদায় হিসেবে বেড়ে উঠি, ঈশ্বরের দেহ হিসেবে পরস্পরের যত্ন নিয়ে থাকি ও প্রেম করি।
- একটি **প্রস্তুতি কেন্দ্র** হিসেবে, আমরা প্রত্যেক বিশ্বাসীকে শক্তিযুক্ত করি ও প্রস্তুত করি একটি বিজয়ী জীবনযাপন করার জন্য, খ্রীষ্টের প্রতিমূর্তি অনুযায়ী পরিপক্ক হওয়ার জন্য এবং তাদের জীবনে ঈশ্বরের উদ্দেশ্যকে পূর্ণ করার জন্য।
- এক **মিশন ভিত্তিক** হিসেবে, এই শহরটিকে, আমাদের দেশকে আশীর্বাদ করার জন্য ও ঈশ্বরের বাক্যের মধ্যে দিয়ে অন্যান্য দেশে যীশু খ্রীষ্টের সম্পূর্ণ সুসমাচার নিয়ে যাওয়ার জন্য ও পবিত্র আত্মার শক্তির অলৌকিক প্রদর্শন করার জন্য অর্থপূর্ণ পরিচর্যাতে নিজেদের নিযুক্ত করি।
- এক **বিশ্বব্যাপী প্রসারিত মণ্ডলী** হিসেবে, আমরা স্থানীয়ভাবে ও বিশ্বব্যাপীভাবে ঈশ্বরভক্ত নেতৃবৃন্দ ও আত্মায় পূর্ণ মণ্ডলীগুলিকে লালন-পালন করার দ্বারা সেবা করে থাকি, যারা ঈশ্বরের রাজ্যের জন্য তাদের অঞ্চলগুলিতে প্রভাব বিস্তার করতে পারে।

অল পিপালস্ চার্চে, ঈশ্বরের আত্মার অভিষেক ও প্রদর্শনে ঈশ্বরের সম্পূর্ণ ও আপসহীন বাক্যকে উপস্থাপন করার জন্য অঙ্গীকারবদ্ধ। আমরা বিশ্বাস করি যে ভালো সঙ্গীত, সৃজনশীল উপস্থাপনা, অসাধারণ অ্যাপলজেটিক্স, সমকালীন পরিচর্যার পদ্ধতি, আধুনিক প্রযুক্তি, ইত্যাদি কখনই ঈশ্বরের পবিত্র আত্মার শক্তিতে, চিহ্নকাজ, আশ্চর্যকাজ, পবিত্র আত্মার বরদান সহকারে, ঈশ্বরের বাক্য ঘোষণা করার ঈশ্বর দ্বারা নির্ধারিত পদ্ধতির বিকল্প হতে পারে না (I করিন্থীয় 2:4,5; ইব্রীয় 2:3,4)। আমাদের মূল বিষয় হলেন যীশু, আমাদের বিষয়বস্তু হল ঈশ্বরের বাক্য, আমাদের পদ্ধতি হল পবিত্র আত্মার শক্তি, আমাদের আবেগ হল মানুষ, এবং আমাদের লক্ষ্য হল খ্রীষ্টের মত পরিপক্কতা।

বেঙ্গালুরুতে আমাদের প্রধান কার্যালয় থাকা সত্ত্বেও, ভারতবর্ষের বিভিন্ন স্থানে অল পিপালস্ চার্চ -এর অনেক মণ্ডলী রয়েছে। অল পিপালস্ চার্চ -এর মণ্ডলীর তালিকা এবং যোগাযোগ নম্বর পেতে গেলে, আমাদের ওয়েবসাইটে **apcwo.org/locations** দেখুন, অথবা **contact@apcwo.org** এ ই-মেইল পাঠান।

# বিনামূল্যে যে পুস্তকগুলি উপলব্ধ আছে

A Church in Revival
A Real Place Called Heaven
A Time for Every Purpose
Ancient Landmarks
Baptism in the Holy Spirit
Being Spiritually Minded and Earthly Wise
Biblical Attitude Towards Work
Breaking Personal and Generational Bondages
Change
Code of Honor
Divine Favor
Divine Order in the Citywide Church
Don't Compromise Your Calling
Don't Lose Hope
Equipping the Saints
Foundations (Track 1)
Fulfilling God's Purpose for Your Life
Giving Birth to the Purposes of God
God Is a Good God
God's Word—The Miracle Seed
How to Help Your Pastor
Integrity
Kingdom Builders
Laying the Axe to the Root
Living Life Without Strife
Marriage and Family
Ministering Healing and Deliverance
Offenses—Don't Take Them
Open Heavens
Our Redemption
Receiving God's Guidance
Revivals, Visitations and Moves of God
Shhh! No Gossip!
The Conquest of the Mind
The Father's Love
The House of God
The Kingdom of God
The Mighty Name of Jesus
The Night Seasons of Life
The Power of Commitment
The Presence of God
The Redemptive Heart of God
The Refiner's Fire
The Spirit of Wisdom, Revelation and Power
The Wonderful Benefits of speaking in Tongues
Timeless Principles for the Workplace
Understanding the Prophetic
Water Baptism
We Are Different
Who We Are in Christ
Women in the Workplace
Work Its Original Design

নিয়মিত নতুন পুস্তক প্রকাশিত হয়ে থাকে। উপরের পুস্তকগুলির PDF সংস্করণ, অডিও, এবং অন্যান্য মাধ্যমে বিনামূল্যে চার্চের ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন: **apcwo.org/books** এই পুস্তকগুলির মধ্যে অনেকগুলি অন্যান্য ভাষাতেও উপলব্ধ রয়েছে। এ ছাড়াও, বিনামূল্যে অডিও ও ভিডিও-তে প্রচার শোনার জন্য, প্রচারের টীকা, এবং আরও অন্যান্য নিশুল্ক উপাদান লাভ করার জন্য আমাদের ওয়েবসাইট দেখুন: **apcwo.org/sermons**

# ক্রিসালিস কাউন্সেলিং

ক্রিসালিস কাউন্সেলিং ব্যক্তিগত পরামর্শ প্রদান করে থাকে মানুষকে জীবনের প্রতিকূলতাগুলিকে সম্মুখীন ও অতিক্রম করতে সাহায্য করার জন্য। ক্রিসালিস কাউন্সেলিং হল পেশাগত ভাবে প্রশিক্ষিত ও অভিজ্ঞ খ্রীষ্টিয় পরামর্শদাতাদের একটি দল।

আমাদের এই পরিষেবা সকল বয়সের মানুষদের জন্য উপলব্ধ রয়েছে এবং জীবনের বিভিন্ন প্রকারের প্রতিকূলতার সাথে মোকাবিলা করে থাকে।

**কৈশোর**
**ব্যক্তিগত মীমাংসা**
**সম্পর্ক সম্বন্ধীয় সমস্যা**
**পড়াশোনায় বিফলতা**
**কর্মক্ষেত্রে সমস্যা**
**পরিবার/দম্পতি: প্রাক-বিবাহ, বিবাহ**
**পিতা-মাতা/সন্তান/ভাই-বোন/সমকক্ষ**
**আচরণগত ব্যাধি**
**পার্সোনালিটি ডিসঅর্ডার**
**মনস্তাত্ত্বিক/আবেগজনিত সমস্যা**
**মানসিক চাপ/মানসিক আঘাত**
**মদ/মাদক আসক্তি**
**আধ্যাত্মিক সমস্যা**
**লাইফ কোচিং**

ক্রিসালিস কাউন্সেলিং -এর পরিষেবা ফি সাশ্রয়ী ও সহজে উপলব্ধ।

আমাদের কোন একজন প্রশিক্ষিত পরামর্শদাতার সাথে অ্যাপয়েন্টমেন্ট -এর সময় স্থির করার জন্য:

**ওয়েবসাইট: chrysalislife.org**
**ফোন:** +91-80-25452617 অথবা টোল ফ্রি (শুধুমাত্র ভারতে) 1-800-300-00998
**ই-মেইল: counselor@chrysalislife.org**

ক্রিসালিস কাউন্সেলিং **অল পিপালস্ চার্চ অ্যান্ড ওয়ার্ল্ড আউটরিচ**-এর একটি পরিচর্যা।

# অল পিপালস্ চার্চের সাথে অংশীদারিত্ব করুন

অল পিপালস্ চার্চ একটি স্থানীয় মণ্ডলী হিসেবে নিজ সীমার ঊর্ধ্বে গিয়ে সমগ্র ভারতবর্ষ জুড়ে পরিচর্যা করে থাকে, বিশেষ করে উত্তর ভারতে, যেখানে আমরা বিশেষ ভাবে লক্ষ্য কেন্দ্র করি (ক) নেতাদের শক্তিযুক্ত করা, (খ) পরিচর্যার জন্য যুবক-যুবতীদের তৈরি করা এবং (গ) খ্রীষ্টের দেহকে গেঁথে তোলা। যুবক-যুবতীদের জন্য বিভিন্ন প্রশিক্ষণ সেমিনার, এবং খ্রীষ্টিয় নেতাদের জন্য অধিবেশন সমস্ত বছর জুড়ে আয়োজন করা হয়ে থাকে। এ ছাড়াও, বিশ্বাসীদের বাক্যে ও আত্মায় তৈরি করার উদ্দেশ্য নিয়ে ইংরাজিতে ও অন্যান্য ভারতীয় ভাষায় কয়েক হাজার পুস্তক বিনামূল্যে বিতরণ করা হয়ে থাকে।

আমরা আপনাকে এককালীন দান প্রদান অথবা মাসিকভাবে আর্থিক দান পাঠানোর দ্বারা আর্থিকভাবে অংশীদারিত্ব করার জন্য আহ্বান জানাই। আমাদের দেশব্যাপী এই কাজের জন্য সাহায্যার্থে আপনার পাঠানো যে কোন পরিমাণ অর্থ বিশেষভাবে সমাদৃত হবে।

আপনারা আপনাদের দান চেক/ব্যাংক ড্রাফটের দ্বারা “All Peoples Church” এই নামে আমাদের কার্যালয়ের ঠিকানায় পাঠাতে পারেন। নতুবা, আপনি সরাসরি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে দান করতে পারেন। আমাদের ব্যাংক একাউন্ট নিচে দেওয়া হল:

**একাউন্টের নাম:** All Peoples Church<br>
**একাউন্ট নম্বর:** 50200068829058<br>
**IFSC কোড:** HDFC0004367<br>
**ব্যাংকের নাম:** HDFC Bank, 7M/308 80Ft Rd, HRBR Layout, Kalyan Nagar, Bengaluru, 560043, Karnataka, India

***অনুগ্রহ করে লক্ষ্য রাখবেন:*** *অল পিপালস্ চার্চ শুধুমাত্র কোনো ভারতীয় ব্যাংক থেকেই অর্থ গ্রহণ করতে পারে। যখন আপনি দান করছেন, যদি চান, তাহলে আপনি উল্লেখ করতে পারেন যে আমাদের পরিচর্যার কোন নির্দিষ্ট ক্ষেত্রের জন্য আপনি দান করছেন। অতিরিক্ত তথ্যের জন্য এই ওয়েবসাইট দেখুন:* **apcwo.org/give**

এ ছাড়াও, আমাদের জন্য ও আমাদের পরিচর্যার জন্য যখনই সম্ভব, প্রার্থনায় স্মরণে রাখবেন।

**ধন্যবাদ ও ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন!**

# DOWNLOAD THE FREE APP!

*Search for*

"All Peoples Church Bangalore"
in the App or Google play stores.

Available on the App Store

ANDROID APP ON Google play







***A daily 5-minute video devotional.***
***A daily Bible reading and prayer guide.***
***5-minute Sermon summary.***
***Toolkit with Scriptures on various topics to build faith and information to share the Gospel.***
***Resources with sermons, sermon notes, TV programs, books, music and more***

***IF YOU LOVE IT, TELL OTHERS ABOUT IT!***

# অল পিপালস্ চার্চ বাইবেল কলেজ

apcbiblecollege.org

অল পিপালস্ চার্চ বাইবেল কলেজ এবং পরিচর্যা প্রশিক্ষণ কেন্দ্র (APC-BC), যা বেঙ্গালুরুতে অবস্থিত, আত্মায় পরিপূর্ণ, অভিষিক্ত এবং পবিত্র আত্মার শক্তিতে অলৌকিক ভাবে পরিচর্যা করার ক্ষমতা প্রদান করার মধ্যে দিয়ে প্রশিক্ষণ দেয়, এবং তার সাথে নিরাময় ঈশ্বরের বাক্য শেখানো হয়। আমরা পরিচর্যার জন্য একটা ব্যক্তিকে সম্পূর্ণ ভাবে গঠন করাতে বিশ্বাস করি, যেখানে আমরা একটি ঐশ্বরিক চরিত্রে, ঈশ্বরের বাক্যে গভীরে প্রবেশ করা, এবং আশ্চর্য কাজ ও চিহ্ন কাজ দ্বারা পরিচর্যা করায় জোর দিই, যা প্রভুর সাথে একটা ঘনিষ্ঠ সম্পর্ক থেকে উত্থাপিত হয়।

অল পিপালস্ চার্চ বাইবেল কলেজে, নিরাময় বাক্য শেখানোর সাথে সাথে আমরা ঈশ্বরের প্রেমকে আমাদের কাজকর্মের মধ্যে দিয়ে প্রকাশিত করার উপর, পবিত্র আত্মার অভিষেক ও উপস্থিতি এবং ঈশ্বরের কাজের অলৌকিক কাজের উপর গুরুত্ব দিই। অনেক যুবক যুবতীরা প্রশিক্ষিত হয়ে ঈশ্বরের আহ্বান পূর্ণ করার জন্য প্রেরিত হয়েছে।

নিম্নলিখিত তিনটি কার্যক্রম আমরা প্রদান করি:

- এক বছরের সার্টিফিকেট ইন থিওলজি অ্যান্ড খ্রিস্টিয়ান মিনিস্ট্রি (C.Th.)
- দুই বছরের ডিপ্লোমা ইন থিওলজি অ্যান্ড খ্রিস্টিয়ান মিনিস্ট্রি (Dip.Th.)
- তিন বছরের ব্যাচেলর ইন থিওলজি অ্যান্ড খ্রিস্টিয়ান মিনিস্ট্রি (B.Th.)

সপ্তাহের পাঁচ দিন ক্লাস নেওয়া হয়, **সোমবার থেকে শুক্রুবার, সকাল 9 টা থেকে দুপুর 12 টা (UTC +5:30) পর্যন্ত।** শিক্ষা গ্রহণ করার তিনটি বিকল্প আমরা প্রদান করে থাকি।

- **চার্চ ক্যাম্পাসে:** ক্যাম্পাসের মধ্যে শারীরিক ভাবে মিলিত হয়ে ক্লাস করা।
- **অনলাইন:** অনলাইনে লাইভ লেকচারগুলিতে অংশগ্রহণ করতে পারেন।
- **ই-লার্নিং:** অনলাইন পোর্টালের মাধ্যমে নিজের সুবিধামত গতিতে শিক্ষা গ্রহণ করা। **apcbiblecollege.org/elearn**

**অনলাইনে আবেদন** করার জন্য, এবং কলেজ, পাঠ্যক্রম, অংশগ্রহণ করার জন্য যোগ্যতা, খরচ সম্বন্ধে আরও তথ্য জানার জন্য এবং আবেদন ফর্ম ডাউনলোড করার জন্য, অনুগ্রহ করে **apcbiblecollege.org** ওয়েবসাইট দেখুন।

আমাদের খ্রীষ্টিয় জীবন অনুতাপ দিয়ে শুরু হয়, যেটা হল মূলত আমাদের হৃদয়ের ও মনের এক পরিবর্তন, পাপ ও শয়তান থেকে জীবন্ত ঈশ্বরের দিকে মন ফেরানো। ঠিক সেই মুহূর্তে, ঈশ্বর আমাদেরকে ভীতর থেকে পরিবর্তন করেন। আমরা নতুন জন্ম লাভ করে থাকি! আমরা খ্রীষ্টেতে নতুন সৃষ্টি হই। মুহূর্তের মধ্যে, ঈশ্বর আমাদের আত্মায় একটা সৃজনশীল কাজ করেন যা আমাদেরকে অন্ধকার থেকে আলোতে নিয়ে আসে, শয়তানের অধীনে বন্দী অবস্থা থেকে খ্রীষ্টেতে স্বাধীন করে। খ্রীষ্টেতে আমাদের জীবন শুরু হয় একটা মুহূর্তের পরিবর্তনের ঘটনা দিয়ে এবং এটা শেষ হবে আরেকটি মুহূর্তের মধ্যে পরিবর্তনের একটা ঘটনা দিয়ে। কিন্তু, এই দুটো পর্যায়ের মাঝখানে রয়েছে একটা অনবরত পরিবর্তনের প্রক্রিয়া। এই পুস্তকটি এই বিষয় নিয়ে আলোচনা করেছে এবং প্রাথমিক ভাবে অনুপ্রেরণাদায়ক এবং এর উদ্দেশ্য হল আমাদেরকে এই পরিবর্তনের প্রক্রিয়াতে সক্রিয় ভাবে যুক্ত হওয়ার জন্য উদ্দীপিত করে তোলা।

**All Peoples Church & World Outreach**
#319, 2nd Floor, 7th Main, HRBR Layout,
2nd Block, Kalyan Nagar, Bangalore 560043
Karnataka, INDIA

Phone: +91-80-25452617
Email: contact@apcwo.org
Website: apcwo.org